19 JUN 2008

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার দূরশিক্ষণ পদ্ধতি চালু রাখা হোক

শিক্ষা প্রত্যেক নাগরিকের অধিকার। প্রতিবছর দেশের যুবসমাজের একটি বড় অংশ বিভিন্ন কারণে প্রাতিষ্ঠানিক শিক্ষা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। শিক্ষা গ্রহণের আগ্রহ থাকা সত্ত্বেও তারা অনেকেই নিয়মিত লেখাপড়া করার সুযোগ পায় না। শিক্ষার সুযোগবঞ্চিত এসব আগ্রহী জনগোষ্ঠীকে আবার শিক্ষালাভের সুযোগ করে দেয়ার মানসে ১৯৯২ সালের অক্টোবরে জাতীয় সংসদ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আইন অনুমোদনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে দূরশিক্ষণ পদ্ধতির শিক্ষাব্যবস্থা চালু করে। এ বিশ্ববিদ্যালয়ে প্রথম পর্যায়ে এসএসসি ও এইচএসসি প্রোগ্রামসহ কয়েকটি প্রফেশনাল কোর্স দিয়ে যাত্রা শুরু করে। যদিও বর্তমান স্নাতক (পাস) কোর্স চালু



আছে। পাবলিক বিশ্ববিদ্যালয় হওয়ার কারণে সেশনজট ও বিভিন্ন ক্ষেত্রে দীর্ঘসূত্রতার কারণে নির্দিষ্ট সময়ে শিক্ষার্থীরা কোর্স শেষ করতে পারে না। ১৯৯৬ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয় এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশ দেশের অধিকাংশ জনগোষ্ঠীকে উচ্চশিক্ষার আওতায় আনার লক্ষ্যে ক্যাম্পাসভিত্তিক শিক্ষার পাশাপাশি দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে উচ্চশিক্ষা ব্যবস্থা চালু করে। উচ্চশিক্ষায় আগ্রহী কিন্তু অর্থনৈতিক, স্বাস্থ্যগত, পেশাগত, পারিবারিক ও বিভিন্ন সমস্যার কারণে উচ্চশিক্ষা গ্রহণ করতে পারেনি, তারা এ পদ্ধতির মাধ্যমে স্বল্প খরচ ও সেশনজটমুক্ত পরিবেশে আন্তর্জাতিক মানের সিলেবাসে উচ্চশিক্ষা গ্রহণ করে সামাজিক ও ব্যক্তিজীবনে প্রতিষ্ঠিত হয়েছে। চাকরিজীবীরা চাকরি করার পাশাপাশি উচ্চশিক্ষা গ্রহণ করে চাকরির ক্ষেত্রে পদোন্নতি পেয়েছে। গ্রামের সুবিধাবঞ্চিত নারী ও পুরুষরা এ পদ্ধতির মাধ্যমে উচ্চশিক্ষা গ্রহণ করে জীবনে প্রতিষ্ঠালাভ করেছে। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দূরশিক্ষণ পদ্ধতিতে উচ্চশিক্ষা মানসম্মত নয়- এমন অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকার দূরশিক্ষণ পদ্ধতিতে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ বন্ধ করে দেয়। ফলে দেশের জনগোষ্ঠীর একাংশ উচ্চশিক্ষার ইচ্ছা থাকলেও নানা সমস্যার কারণে উচ্চশিক্ষা গ্রহণে ব্যর্থ হবে। এর প্রভাব দেশ ও জাতির ওপর পড়বে। উন্নত বিশ্বে দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে উচ্চশিক্ষা গ্রহণ করার ব্যবস্থা আছে। তাই দূরশিক্ষণ পদ্ধতি চালু রাখা এখন সময়ের দাবি। প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ সংশ্লিষ্ট সবার কাছে আবেদন, সুবিধাবঞ্চিতদের দূরশিক্ষণের মাধ্যমে উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ দিয়ে দেশ ও জাতির সেবা করার সুযোগ দেয়ার অনুরোধ করছি।

**মোঃ মসিউর রহমান**

*আজিমপুর, ঢাকা*